

## বাংলাদেশিদের জন্য থাইল্যান্ডের ই-ভিসা চালু ২ জানুয়ারি

- A Monitor Desk Report

Date: 18 December, 2024



ঢাকাঃ ঢাকায় থাইল্যান্ডের দূতাবাস দেশটিতে ভ্রমণে ইচ্ছুক বাংলাদেশিদের জন্য আগামী ২ জানুয়ারি থেকে ই-ভিসা সেবা চালু করবে। আগামী ১৯ ডিসেম্বর থেকে ভিসা ছাড়াই সরকারি পাসপোর্টে থাইল্যান্ড ভ্রমণ করা যাবে। এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায় ঢাকার থাই দূতাবাস।

দূতাবাস এক বিজ্ঞপ্তিতে জানায়, ভিসা প্রার্থীদের টিএইচএআইইভিআইএসএ (ডট) জিও (ডট) টিএইচ ওয়েবসাইটের মাধ্যমে ভিসার আবেদন ও আনুষঙ্গিক কাগজপত্রের সফট কপি জমা দিতে হবে। এ ক্ষেত্রে পাসপোর্ট জমা দেওয়া প্রয়োজন হবে না।

নতুন পদ্ধতি অনুযায়ী, ভিসার আবেদন জমা দেওয়ার পর দূতাবাসের অ্যাকাউন্টে অনলাইনে ভিসা ফি জমা দিতে হবে। ভিসা ফি নগদ নেওয়া হবে না।

নতুন এ ব্যবস্থার মাধ্যমে আবেদনকারী ভিসা পেয়েছেন কিনা, তা ই-মেইলের মাধ্যমে জানতে পারবেন। ই-মেইলে পাঠানো ভিসার অনুলিপি প্রিন্ট করে থাইল্যান্ড প্রবেশের সময়ে ইমিগ্রেশনে দেখাতে হবে।

ভিসার আবেদন বিবেচনার জন্য দূতাবাস ১০ কর্মদিবস সময় নিতে পারে।

ভিসা অনুমোদিত হলে ই-ভিসা ইমেইলে আবেদনকারীকে পাঠানো হবে। এই ই-ভিসা প্রিন্ট করে থাইল্যান্ডের ইমিগ্রেশনে উপস্থাপন করতে হবে।

ই-ভিসা প্রক্রিয়া চালুর জন্য প্রস্তুতি সম্পন্ন করতে দূতাবাস আগামী ২৪ ডিসেম্বর থেকে বর্তমান চারটি ভিসা সেন্টারের মাধ্যমে আবেদন জমা নেওয়া বন্ধ রাখবে।

